আলমডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে দুই শিশু সহ গ্রেফতার ১১

আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নে মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৬০০ গ্রাম গাঁজাসহ ১১ জনকে গ্রেফতার করেছে থানা পুলিশ। তাদের মিধ্যে দুইজন শিশু আছে।

গতকাল বৃহস্পতিবার বিকেল সোয়া ৫টার দিকে চিৎলা রুইতনপুর পশ্চিমপাড়া গ্রামে এই অভিযান পরিচালিত হয়।

আটককৃত ব্যক্তিরা হলেন , উপজেলার রুইতনপুর এলাকার বাসিন্দা মৃত বাবর আলী মন্ডলের পুত্র মতিয়ার (৫৪), আব্দুল হাকিমের পুত্র সোহাগ আলী (৩২), মৃত আবুল কালামের পুত্র মঞ্জুর আলী (৩২)। মেহেরপুর সদর উপজেলার শিমুলতলা গ্রামের শরিফুল ইসলামের পুত্র টনিক (২৫) ও আব্দুল আলিমের পুত্র রাসেল হোসেন তুহিন (২১), আলমডাঙ্গা থানাপাড়ার মৃত মোকলেসুর রহমানের ছেলে শহিদুল ইসলাম(৪০), ওসমানপুর হঠাৎ পাড়ার হেলাল উদ্দিনের ছেলে লিউন(২৫), একই গ্রামের হাসেম আলির ছেলে উজ্জ্বল হোসেন(২৬), একই গ্রামের লালচাঁদের ছেলে লাবলু হোসেন(৩৬)আলমডাঙ্গা গোবিন্দপুর গ্রামের মৃত খলিলুর রহমানের ছেলে খাইরুল ইসলাম(২৬),একই সাথে গ্রেফতার পারোয়ানা ভূক্ত আসামি গোবিন্দপুর গ্রামের আরশাদ আলি ছেলে আকবার আলি(৪০), এ ছাড়া উপরন্তু আইনের সাথে সংঘাতে জড়িত দুই শিশুকেও আটক করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন খবর ভিত্তিতে হাপানিয়া পুলিশ ক্যাম্পের উপপরিদর্শক (এসআই) সঞ্জিত সাহার নেতৃত্বে একটিদল ক্যাম্প এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করেন। এ সময় আনিচ উদ্দিনের আমবাগানের উত্তর পাশ থেকে সাতজনকে সর্বমোট ৬০০ গ্রাম গাঁজাসহ হাতেনাতে আটক করা হয়। উদ্ধারকৃত মালামালের জব্দ তালিকা প্রস্তুত করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

এ ঘটনায় গাঁজা বিক্রয় ও মজুতের অভিযোগে অজ্ঞাতনামা চার-পাঁচজন সহযোগীকে আসামি করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, মাদকের বিরুদ্ধে পুলিশের অভিযান অব্যাহত থাকবে। মাদক ব্যবসা বা সেবনে যারাই সম্পৃক্ত থাকুক না কেন , কাউকেই ছাড় দেওয়া হবে না। আলমডাঙ্গাকে মাদকমুক্ত রাখার এই প্রয়াস পুলিশ অব্যাহত রাখবে।

আলমডাঙ্গায় চার গ্রামের জনগণের মাদক বিরোধী সমাবেশ অনুষ্ঠিত

আলমডাঙ্গায় চার গ্রামের মানুষের মাদক বিরোধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলার ইসলামপুর, কামালপুর চরপাড়া ও চকবন্ডবিল গ্রামের সাধারণ মানুষ নিজেরাই এগিয়ে এসেছেন মাদক রোধে।

গতকাল শুক্রবার বিকেল ৫ টায় ইসলামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত হয় তিন গ্রামের উদ্যোগে এক বিশাল মাদকবিরোধী সমাবেশ। এতে অংশ নেন তিন গ্রামের শতাধিক নারী-পুরুষ ও তরুণ সমাজ। দীর্ঘদিন ধরে ওই এলাকায় মাদক বিক্রি ও সেবনের প্রবণতা বাড়তে থাকায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দেয়। অভিযোগ রয়েছে, কিছু যুবক মাদক ব্যবসার সঙ্গে যুক্ত হয়ে পড়েছে, যার ফলে এলাকার তরুণ প্রজন্ম ধীরে ধীরে মাদকের ভয়াবহ ছোবলে ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে।

এ পরিস্থিতিতে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইসলামপুর, কামালপুর চরপাড়া ও চকবন্ডবিল গ্রামের সচেতন নাগরিকেরা যৌথভাবে এ উদ্যোগ নেন।

সমাবেশের আয়োজন করেন, কুমারী গ্রামের মহি উদ্দিন, কামালপুর চরপাড়ার বাপ্পি, ইসলামপুর গ্রামের সেলিম হোসেন ও চকবন্ডবিল গ্রামের টগর। উক্ত সমাবেশে উপস্থিত ছিলেন, স্থানীয় সমাজকর্মী সাইদুল, ঝন্টু, সাজেদুর রহমান, শফি উদ্দিন, আলম হোসেন, তাইজাল, আলফাজ, জহুরুল, মঞ্জুসহ তিন গ্রামের অসংখ্য বাসিন্দা।

সমাবেশে বক্তারা বলেন, মাদক আজ আমাদের সমাজকে ধ্বংসের পথে ঠেলে দিচ্ছে। আমাদের সন্তানরা এর শিকার হচ্ছে। এখন সময় এসেছে সবাইকে

একসাথে দাঁড়ানোর। যে মাদক ব্যবসায়ী আমাদের ভবিষ্যৎ নষ্ট করছে, তাকে চিহ্নিত করে প্রশাসনের হাতে তুলে দিতে হবে।

বক্তারা আরও বলেন, সমাজের প্রতিটি পরিবারকে সচেতন হতে হবে। তরুণদের খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও ধর্মীয় চর্চায় যুক্ত করে রাখতে পারলেই মাদক থেকে দূরে রাখা সম্ভব।

স্থানীয়রা আশা প্রকাশ করেন, প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগিতা পেলে এলাকাকে পুরোপুরি মাদকমুক্ত করা সম্ভব হবে।

চুয়াডাঙ্গায় বিজিবি’র মাদক বিরোধী অভিযান, আটক-২

চুয়াডাঙ্গায় ৬ বিজিবি’র মাদক বিরোধী অভিযান চালিয়ে ১০ কেজি গাঁজা ও ফেনসিডিলসহ দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের সাহাজুলের ছেলে শামীম হোসেন (৩৮) ও দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের আব্দুস সামাদের ছেলে আমিনুল ইসলামকে (৩১) আটক করেছে।

বিজিবি জানায়, গতকাল শনিবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) অধিনায়ক লেঃ কর্নেল মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে অভিযান চালায় চুয়াডাঙ্গা-ঝিনাইদহ হাইওয়ে সড়কের জাফরপুর বাজারের পাশে এ্যাম্বুশ করে। এসময় বিজিবি আভিযানিক দল সন্দেহভাজন ০২ জন মোটরসাইকেল আরোহীকে ঝিনাইদহ অভিমুখে যেতে দেখে চ্যালেঞ্জ করে।

সে সময় বিজিবিকে দেখে টহল দলের উপস্থিতি টের পেয়ে মোটর সাইকেল আরোহীগণ পালানোর চেষ্টা করলে বিজিবি আভিযানিকদল তাদেরকে ধাওয়া করে চুয়াডাঙ্গা-ঝিনাইদহ মহাসড়কের বদরগঞ্জ নয় মাইল নামক স্থান হতে আটক করে। বিজিবি তাদের মোটরসাইকেল ও ব্যাগে থাকা ১০ কেজি গাঁজা ও ২০ বোতল ফেনসিডিলসহ তাদেরকে আটক করে।

এ ঘটনায় নায়েক জিয়াউর রহমান, পিবিজিএম বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মামলা মাদক আইনে মামলা করেছে। গতকালই তাদের দুজনকে

চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

দামুড়হুদায় মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

“চলো যাই যুদ্ধে, মাদকের বিরুদ্ধে” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্ট ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকাল ৩ টার সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়ামে মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্টে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, চলো যাই যুদ্ধে মাদকের বিরুদ্ধে, খেলাধুলায় বাড়ে বল, মাদক ছেড়ে খেলতে চল। ফুটবল একটি জনপ্রিয় খেলা। মাদকের উপর আসক্তি কমানোর জন্যই মূলত এই মাদক বিরোধী প্রীতি ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। চুয়াডাঙ্গার ফুটবলের একটি ঐতিহ্য রয়েছে। এর হারানো ঐতিহ্যকে ফিরিয়ে আনতে হবে। খেলাধুলা করলে মন ও শরীর উভয় ভালো থাকে। খেলাধুলা মাদক থেকে দূরে রাখে। সবারই নিয়মিত খেলাধুলা করা প্রয়োজন। মাদকের কড়াল থাবা থেকে বাঁচতে আগামী প্রজন্মকে মাদক থেকে দূরে রাখতে নিয়মিত খেলাধুলার আয়োজন করতে হবে। আপনার সন্তানদের নিয়মিত খোঁজ খবর নিবেন। তাদেরকে খারাপ সঙ্গ ত্যাগ করিয়ে খেলাধূলার প্রতি মনযোগের জন্য সবাইকে উদাত্য আহবান জানান। জেলায় মাদকে জিরো টলারেন্স ঘোষণা করেন, এরই ধারাবাহিকতায় আগামীতে জেলার সবাইকে নিয়ে ডিসি গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হবে বলে তিনি বলেন। মাদকে যারা জড়িয়ে গেছেন তারা তিলে তিলে নিঃশ্বেস হয়ে যাবে। মাদকের কারনে কিশোর গ্যাং চুরি ছিন্তাই বৃদ্ধি পায়। এসময় তিনি খেলার আয়োজক কমিটিকে ধন্যবাদ জানান।

মুজিবনগর থানা পুলিশের মাদক বিরোধী র্যালী ও সমাবেশ

মাদককে না বলি ” মাদকমুক্ত মুজিবনগর গড়ি এই প্রতিপাদ্যে মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশের আয়োজনে মাদকবিরোধী র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেলে মুজিবনগর উপজেলার আনন্দবাস বাজারে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মেহেদীর রাসেলের নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বাজারের সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়ে একটি সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয় ।

মাদক বিরোধী র্যালী ও সমাবেসে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার এস আই সাজ্জাদ এস আই অতুল, এস আই হেকমত, এস আই বিপ্লব কুমার হালদার, এস আই সজিবুর ,আওয়ামীলীগ নেতা জাহাঙ্গীর , মুজিবনগর থানা পুলিশ সদস্য সহ আনন্দবাস গ্রামের বিভিন্ন শেণীপেশার মানুষ।

এ সময় মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করতে এবং একটি মাদক মুক্ত সুন্দর ও সুস্থ সমাজ গড়তে মাদক বিক্রেতা ও মাদক সেবীদের তথ্য দিয়ে পুলিশকে সহায়তা করার মাধ্যমে মাদক মুক্ত দেশ গড়তে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

মুজিবনগর থানা পুলিশের মাদক বিরোধী র্যালী ও সমাবেশ

অনুষ্ঠিত

মাদককে না বলি ” মাদকমুক্ত মুজিবনগর গড়ি এই প্রতিপাদ্যে মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশের আয়োজনে মাদকবিরোধী র্যালী ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মুজিবনগরের প্রাণকেন্দ্র কেদারগঞ্জ বাজারে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদীর রাসেলের নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বাজারের সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয় ।

এসময় মাদক বিরোধী র্যালীতে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার এস আই উত্তম, এস আই হেকমত, এস আই বিপ্লব কুমার হালদার, এস আই সজিবুর রহমান এবং বাগোয়ান ইউপি সদস্য বাবুল মল্লিক , মোনাখালী ইউপি সদস্য ডালিম, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ সভাপতি মতিউর রহমান মতিন, যুবনেতা হাসানুজ্জামান লালটু,সহ মুজিবনগর থানা পুলিশ ও বাজারের বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৮ টি মামলার আসামীসহ ২ জন আটক, ৬ গ্রাম হেরোইন জব্দ

মেহেরপুর সদর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৬ গ্রাম হেরোইন ও ৮ টি মামলার আসামীসহ দুই মাদক বিক্রেতা আটক হয়েছে।
এরা হলেন, সাইফুল ইসলাম(৪০) ও কামরুজ্জামান(৩০)।
সোমবার (২৫ জুলাই) দিবাগত রাত ৮ টার দিকে সদর উপজেলার বামন পাড়া এলাকায় অভিযান চালিয়ে এই দুজনকে আটক করে পুলিশ। এসময় তাদের দেহ তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ছয় গ্রাম হেরোইন উদ্ধার করে পুলিশ।
মেহেরপুর সদর থানার এসআই জুম্মান খানের নেতৃত্বে এ এস আই ইব্রাহিম বিশ্বাস ও এএস আই মোহাম্মদ মাহবুব সহ-সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালান।